

## বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি - ফেব্রুয়ারি ২০১৯

সবাইকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করছি।

### অ-১৬ মেয়েদের মায়ানমার সফর

এএফসি অ-১৬ উইমেন্স চ্যাম্পিয়নশীপ ২০১৯ কোয়ালিফায়ার্স-এর দ্বিতীয় রাউন্ডে অংশগ্রহণের জন্য মায়ানমারে গিয়েছে বাংলাদেশ অ-১৬ নারী দল। দেশ ত্যাগের পূর্বে প্রতিযোগিতায় ভালো ফলাফলের আশাবাদ ব্যক্ত করেছেন দলের খেলোয়াড় ও স্টাফ মেম্বরগণ। দ্বিতীয় রাউন্ডে চীন, ফিলিপাইন ও মায়ানমারের সাথে গ্রুপ বি'তে অবস্থান করছে বাংলাদেশ। আমি নিশ্চিত এই দলটি ভালো ফুটবল উপহার দিয়ে আমাদের জন্য গৌরব বয়ে আনবে।

### ফুটবল প্রতিভার পরিচর্যায় প্রথমে প্রয়োজন প্রতিভা অন্বেষণ

ফরটিস বাফুফে ফুটবল একাডেমির জন্য অ-১৫ ও অ-১৮ লেভেলে ট্যালেন্ট হান্ট কার্যক্রম গত ২২ ফেব্রুয়ারি শেষ হয়েছে। এর আগে ২৬ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের বিভিন্ন জেলায় ট্রায়াল ক্যাম্প অনুষ্ঠিত হয়। এরপর ১২-১৪ ফেব্রুয়ারি বিভাগীয় পর্যায়ে ট্রায়াল অনুষ্ঠিত হয়। এজন্য সারাদেশকে ৭ টি জোনে ভাগ করে ট্রায়াল পরিচালনা করা হয়। এছাড়াও ১৬ তারিখে পাইওনিয়ার স্কুল ফুটবল খেলোয়াড়দের এবং ১৭ তারিখে বিকেএসপি'র খেলোয়াড়দের ট্রায়াল অনুষ্ঠিত হয়। এরপর ১৯, ২০ ফেব্রুয়ারিতে অ-১৫ এবং ২১, ২২ ফেব্রুয়ারিতে অ-১৮ এর ফাইনাল সিলেকশন ঢাকায় সম্পন্ন হয়।

কার্যক্রমের শেষ দিনে আমি নিজে উপস্থিত থেকে এই আয়োজন প্রত্যক্ষ করেছি। আমি আশা করি শীঘ্রই যাত্রা শুরু করতে যাওয়া এই একাডেমি দেশের ফুটবলকে এগিয়ে নিতে কার্যকর ভূমিকা পালন করবে।

ঢাকার বেরাইদে নব স্থাপিত ফরটিস বাফুফে একাডেমিতে অ-১৫ ও অ-১৮ খেলোয়াড়দের নিয়ে দ্রুতই আবাসিক ক্যাম্প শুরু হবে। আশা করি মার্চের শেষ দিকে আবাসিক ভবনের কাজ শেষ হওয়া মাত্র আমরা একাডেমির কার্যক্রম শুরু করতে পারব।

### এএফসি কোয়ালিফায়ার্সের জন্য অ-২৩ প্রাথমিক দল ঘোষণা

এএফসি অ-২৩ চ্যাম্পিয়নশীপ ২০২০-এর কোয়ালিফায়ার্স রাউন্ডের খেলা আগামী ২২ থেকে ২৬ মার্চ বাহরাইনে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উপলক্ষে প্রাথমিক অ-২৩ দল ঘোষণা করা হয়েছে। এই টুর্নামেন্টে অংশগ্রহণের আগে অ-২৩ দল কাতারে একটি ১০ দিনের ট্রেনিং ক্যাম্পে অংশগ্রহণ করবে ১১-২০ মার্চ।

### কম্বোডিয়ার সাথে প্রীতি ম্যাচের জন্য প্রাথমিক জাতীয় দল ঘোষণা

আগামী ৯ মার্চ কম্বোডিয়া জাতীয় দলের সঙ্গে একটি ফ্রেন্ডলি ম্যাচ খেলবে বাংলাদেশ জাতীয় দল। সামনের ম্যাচগুলোতে ভালো ফলাফল নিয়ে আসার জন্য প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ দল, আশা করি তারা মাঠে এর প্রতিফলন দেখাতে পারবে।

### বিপিএল-এর সঙ্গে তাল মিলিয়ে চলছে বিসিএল

গত ১০ ফেব্রুয়ারি কমলাপুরে অবস্থিত বীরশ্রেষ্ঠ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ (বিসিএল) ২০১৮-১৯ শুরু হয়। ফরাশগঞ্জ এফসি ও ঢাকা সিটি এফসি লিমিটেডের মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হওয়া এই প্রতিযোগিতা এখন পুরোদমে চলছে।

### আরটিভি'র পর্দায় বঙ্গমাতা উইমেন্স ইন্টারন্যাশনাল গোল্ডকাপ

বঙ্গমাতা অ-১৯ উইমেন্স ইন্টারন্যাশনাল গোল্ডকাপ ২০১৯-এর খেলাগুলো সরাসরি সম্প্রচার করবে বেসরকারি টিভি চ্যানেল আরটিভি। এই লক্ষ্যে গত ১২ ফেব্রুয়ারি বাফুফে ভবনে প্রতিযোগিতার স্বত্বাধিকারী প্রতিষ্ঠান কে-স্পোর্টস ও আরটিভির মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশসহ মোট ছয়টি দলের অংশগ্রহণে আগামী ২৩ এপ্রিল থেকে শুরু হতে যাওয়া এই টুর্নামেন্ট ৩ মে পর্যন্ত চলবে।

**প্রথমবারের মতো পুরুষ দলের কোচ হলেন একজন নারী**

দেশের ইতিহাসে প্রথমবারের মতো একটি পুরুষ ফুটবল দলের হেড কোচ হিসেবে নিয়োগ পেয়েছেন জাতীয় মহিলা দলের সাবেক ফুটবলার মিরোনা খাতুন।

তিনি এপর্যন্ত বাফুফে আয়োজিত এএফসি সি এবং বি কোচিং কোর্স সম্পন্ন করেছেন। এএফসি বি লেভেল কোচিং লাইসেন্সধারী এই নারী বর্তমানে সিটি এফসি ফুটবল দলকে কোচিং করাচ্ছেন।

মিরোনার এই যাত্রা অব্যাহত থাকুক, তার জন্য রইলো অসংখ্য শুভকামনা।

**জেলা ফুটবল অ্যাসোসিয়েশনসমূহকে সহায়তা প্রদানের আশ্বাস**

ফুটবলের সার্বিক উন্নয়নের জন্য জেলা ফুটবল অ্যাসোসিয়েশনসমূহকে (ডিএফএ) বিভিন্ন পর্যায়ে সহায়তা প্রদানের আশ্বাস দিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল। এ সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনার জন্য গত ৫ ফেব্রুয়ারি প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকে বসেন জেলা ফুটবল অ্যাসোসিয়েশনসমূহের সভাপতিবৃন্দ। এদিন জেলা ও বিভাগীয় পর্যায়ের ফুটবল অ্যাসোসিয়েশনসমূহকে নিয়ে বাফুফের পরিকল্পনা সবার সামনে উপস্থাপন করা হয়।

**সারাদেশের রেফারীদের নিয়ে সপ্তাহব্যাপী ট্রেনিং**

সম্প্রতি আমরা সারাদেশের বিভিন্ন স্থান থেকে আগত রেফারীদের নিয়ে একটি সপ্তাহব্যাপী ট্রেনিং কার্যক্রম পরিচালনা করেছি। সর্বমোট ৭০ জন রেফারী এ ট্রেনিং-এ অংশগ্রহণ করেন। তাদের প্রত্যেকের ক্যারিয়ারের জন্য আমার শুভকামনা।